

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
সরেজমিন বিভাগ, ঋণ শাখা
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.brdb.gov.bd

নং: ৪৭.৬২.০০০০.৫০২.০৫.২২৪.২০.২০২৪


তারিখ: ২৮ অক্টোবর ২০২৪

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্প/কর্মসূচির অধীনে ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় সুফলভোগী সদস্যদের এককালীন ঋণ পরিশোধের অভ্যাস পরিহারপূর্বক তাদেরকে ন্যূনতম কিস্তি পরিশোধে উৎসাহিতকরণ, চলতি ও মেয়াদোত্তীর্ণ খেলাপি হাসকরণ এবং যেকোন ধরনের কাগুজে লেনদেন (Paper Transaction) প্রতিরোধের উদ্দেশ্যে পুরাতন সদস্যদের জন্য পরবর্তী দফায় ঋণ বিতরণকালে ঋণের সিলিং বৃদ্ধির বিষয়ে নিম্নরূপ নির্দেশনা অনুসরণ করতে বলা হলো:

সদস্যের ক্যাটাগরি	সিলিং বৃদ্ধির শর্তাদি (স্ব স্ব প্রকল্প/কর্মসূচির নীতিমালা অনুযায়ী)	সিলিং বৃদ্ধির হার
ক্যাটাগরি-১ বা উত্তম	নির্ধারিত কিস্তির ৪০% বা তদূর্ধ্ব (নির্ধারিত কিস্তির ৪০% বা তদূর্ধ্ব কিস্তি পরিশোধকারী সদস্য পরবর্তী দফায় ঋণ প্রাপ্তির ক্ষেত্রে নির্ধারিত সর্বোচ্চ সিলিং বৃদ্ধির সুবিধা পাবেন।)	পূর্ণ/সর্বোচ্চ সিলিং বৃদ্ধি
ক্যাটাগরি-২ বা মধ্যম	নির্ধারিত কিস্তির ১১% – ৩৯% পর্যন্ত (নির্ধারিত কিস্তির ১১% – ৩৯% পর্যন্ত কিস্তি পরিশোধকারী সদস্য পরবর্তী দফায় ঋণ প্রাপ্তির ক্ষেত্রে নির্ধারিত ৫০% সিলিং বৃদ্ধির সুবিধা পাবেন।)	৫০% সিলিং বৃদ্ধি
ক্যাটাগরি-৩ বা সাধারণ	নির্ধারিত কিস্তির ০০% – ১০% পর্যন্ত (নির্ধারিত কিস্তির ০০% – ১০% পর্যন্ত কিস্তি পরিশোধকারী সদস্য পরবর্তী দফায় ঋণ প্রাপ্তির ক্ষেত্রে কোন সিলিং বৃদ্ধির সুবিধা পাবেন না। তবে পূর্বের সমপরিমাণ ঋণ গ্রহণ করতে পারবেন।)	০০% সিলিং বৃদ্ধি (সিলিং বৃদ্ধি সুবিধা পাবেন না)

০২। এ আদেশ ০১ জানুয়ারি ২০২৫ হতে সকল প্রকল্প/কর্মসূচির বিতরণকৃত ক্ষুদ্রঋণের ক্ষেত্রে প্রযোজ্য হবে।



নাদিরা হায়দার
যুগ্মসচিব ও
পরিচালক (সরেজমিন)

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৫০২.০৫.২২৪.২০- ২০২৪২

তারিখ: ২৮ অক্টোবর ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। যুগ্মপরিচালক (সিসিএম/সম্প্রসারণ ও বিশেষ প্রকল্প/মউ), বিআরডিবি, ঢাকা।
- ২। প্রকল্প/কর্মসূচি/নির্বাহী পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা/গাইবান্ধা/রংপুর/ ফরিদপুর।
- ৩। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। উপপরিচালক, বিআরডিবি, (সকল), জেলা/সদর কার্যালয়।
- ৪। মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।


এস, এম, জুয়েল আহমেদ
উপপরিচালক (ঋণ)